গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

নং: ৫৮.০২.০০০০.০০৮.১৮.০১৮.২০- ১০৮

তারিখ : ১২ আষাঢ়, ১৪৩২
২৬ জুন ,২০২৫

বিষয় : **বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২৫ প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২৫ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত নীতিমালার ০১ (এক) কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে, ২০২৫-২০২৬ অর্থবছরে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের অনুদান প্রাপ্তির আবেদন বর্ণিত নীতিমালা অনুযায়ী প্রক্রিয়াকরণের জন্য তাঁর আওতাধীন মেট্রো:/ জেলা কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: অনুদান নীতিমালা, ২০২৫

২৬.০৬.২০২৫
(মোঃ মাসুদ হোসেন, পিএএ)
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ২২ ৬৬৬ ৪৪৪০৪

**বিতরণ :**

১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, (ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ)
২। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (**বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা,২০২৫**, ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

**অনুলিপি সদয় অবগতির জন্য :**

১। পরিচালক, (প্রশাসন/ অপারেশন্স/ নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। অফিস কপি/মাষ্টার ফাইল

তারিখঃ ১৯/০৬/২০২৫
মহাপরিচালকের কার্যালয়

| | |
|---|---|
| অতিরিক্ত মহাপরিচালক | |
| পরিচালক (প্রশাসন) | |
| পরিচালক (অপারেশনস) | |
| পরিচালক (নিরোধ শিক্ষা) | |
| পরিচালক (চিকিৎসা পুনর্বাসন) | |
| অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) | |
| সিস্টেম এনালিষ্ট | |
| ডকেট নং ৪৭৭৬ | স্বাক্ষর |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০.০৬১.১৪.০০২.১৯-১২০ তারিখ: ০৪/০৬/২০২৫

**বিষয়: বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২৫**

বাংলাদেশকে একটি উন্নত ও সুখী সমৃদ্ধ দেশ হিসেবে গড়িয়া তুলিবার লক্ষ্যে সরকার বিভিন্ন উন্নয়ন ও জনকল্যাণমুখী কর্মসূচি গ্রহণ করিয়াছে। সরকার তথা আপামর জনসাধারণ মাদকের বিরুদ্ধে কঠোর অবস্থানে রহিয়াছে। দেশের যুব সমাজকে মাদকের ভয়াল আসক্তি হইতে মুক্ত করিতে প্রতিটি জেলায় সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন এবং বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হইয়াছে। সেই প্রেক্ষাপটে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর মানোন্নয়নের জন্য ''বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯'' প্রণয়ন করা হইয়াছিল। ২০২২ সালে নীতিমালাটি সংশোধন করা হইয়াছিল। বিদ্যমান নীতিমালাটি সময়োপযোগী করিয়া ''বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২৫'' প্রণয়ন করা হইল।

১। শিরোনামঃ এই নীতিমালা ''বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২৫'' নামে অভিহিত হইবে।

২। প্রয়োগ ও প্রবর্তনঃ

(ক) এই নীতিমালা ০১ জানুয়ারি, ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে;

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে লাইসেন্স প্রাপ্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য এই নীতিমালা প্রযোজ্য হইবে।

৩। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই নীতিমালায়-

(ক) ''বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র'' অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২০) এর ধারা ২ (৩২) এবং বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ এর বিধি ২ (ছ) এ বর্ণিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে বুঝাইবে;

(খ) ''বেসরকারি মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র'' অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২০) এর ধারা ২ (১৮) এবং বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ এর বিধি ২ (ঝ) এ বর্ণিত বেসরকারি মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রকে বুঝাইবে;

(গ) ''কেন্দ্রীয় যাচাই-বাছাই কমিটি'' অর্থ আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের জন্য এ নীতিমালার অনুচ্ছেদ ৮ অনুযায়ী গঠিত কমিটি;

(ঘ) ''জেলা/মেট্রোপলিটন যাচাই-বাছাই কমিটি'' অর্থ অনুদান প্রদানের নিমিত্ত জেলা বা মেট্রোপলিটন পর্যায়ে প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের জন্য এ নীতিমালার অনুচ্ছেদ ৯ অনুযায়ী গঠিত কমিটি;

(ঙ) ''আবেদনপত্র'' অর্থ- এই নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে দাখিলকৃত আবেদন;

(চ) ''আর্থিক অনুদান'' অর্থ-বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের সাইকিয়াট্রিস্ট, সাইকোলজিস্ট, চিকিৎসক, নার্স, কাউন্সিলর এবং অন্যান্য কর্মচারীদের বেতন/ভাতা/সম্মানি এবং প্রশিক্ষণের ব্যয়।

তারিখঃ ২২/০৬/২৫
অতিরিক্ত মহাপরিচালকের কার্যালয়

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন) | |
| পরিচালক (অপারেশনস) | |
| পরিচালক (নিরোধ শিক্ষা) | |
| পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) | |
| অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) | |
| আইসিটি | |
| কথা বলুন | |
| ডকেট নং | স্বাক্ষর |

৪। অনুদান প্রদানের উদ্দেশ্যঃ

(ক) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে অনুদান প্রদানের মাধ্যমে বেসরকারি খাতকে উৎসাহিত করা;

(খ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহে মাদকাসক্ত রোগীদের চিকিৎসা সেবার মান বৃদ্ধিতে উদ্বুদ্ধ করা;

৫। অনুদান প্রাপ্তির জন্য আবেদন দাখিল এবং যাচাই বাছাই পদ্ধতিঃ

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরমে (পরিশিষ্ট-ক) সংশ্লিষ্ট জেলা/মেট্রোপলিটন কার্যালয়ে আবেদন করিতে হইবে;

(খ) আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হালনাগাদ লাইসেন্সের কপি, গত এক বছরের সেবাপ্রদত্ত রোগীদের তালিকা, সাইকিয়াট্রিস্ট, সাইকোলজিস্ট, চিকিৎসক, নার্স, কাউন্সিলর এবং কেন্দ্রের অন্যান্য কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিয়োগপত্র সংযুক্ত করিতে হইবে;

(গ) প্রতিষ্ঠানটির বিগত ০১ (এক) বছরের আয় ও ব্যয়ের হিসাব দাখিল করিতে হইবে;

(ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে প্রাপ্ত অর্থ যে কর্মসূচিতে ব্যয় করা হইবে তাহার একটি বিবরণী আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে;

(ঙ) জেলা/মেট্রোপলিটন পর্যায়ে যাচাই-বাছাই কমিটি নীতিমালার আলোকে (পরিশিষ্ট-গ) আবেদনগুলো পরীক্ষা-নিরীক্ষা করিবেন। তাহাদের সুপারিশ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম মনিটরিং কমিটি এর মতামতসহ সকল আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করিতে হইবে;

(চ) কেন্দ্রীয় যাচাই-বাছাই কমিটি সুপারিশকৃত মতামতসমূহ পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করিবেন;

(ছ) কেন্দ্রীয় যাচাই-বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তকৃত মতামতসমূহ মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হইবে। অনুমোদনকালে মহাপরিচালক কেন্দ্রীয় যাচাই-বাছাই কমিটির সুপারিশ পুনঃবিবেচনা করিতে পারিবেন;

(জ) মহাপরিচালকের অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত চুক্তিপত্র (পরিশিষ্ট-খ) সম্পাদনান্তে প্রতিষ্ঠানের অনুকূলে একাউন্ট পেয়ী (Account Payee) চেক হস্তান্তর করা হইবে;

(ঝ) অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। অগ্রাধিকারঃ কেন্দ্রীয় যাচাই-বাছাই কমিটি কর্তৃক বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহকে অনুদান প্রদানের জন্য অগ্রাধিকার প্রদান করিবার ক্ষেত্রে নিম্নবর্ণিত মানদন্ডসমূহ বিবেচনা করা হইবে:

(ক) মাদকপ্রবণ এলাকা;

(খ) নারী ও শিশুদের চিকিৎসা প্রদান করা হয় এইরুপ মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র;

(গ) জেলা/মেট্রো কমিটির সুপারিশক্রম;

৭। অনুদান প্রাপ্তির শর্তাবলী: বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের অনুদান প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হইবে-

(ক) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রটি অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে;

(খ) লাইসেন্স পাইবার ০৩ বছর অতিক্রান্ত হইলে অনুদান প্রাপ্তির আবেদনের যোগ্যতা অর্জন করিবে। তবে নারী ও শিশু মাদকাসক্তদের জন্য স্থাপিত মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের জন্য এ সময়কাল ০২ বছর হইবে;

(গ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার কমপক্ষে ৩ বছরের মধ্যে বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিয়াছে এমন কোনো অভিযোগ প্রমাণিত হইলে উক্ত প্রতিষ্ঠান এই সুবিধাপ্রাপ্ত হইবে না। বেসরকারি

মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা লঙ্ঘন করিলে তাৎক্ষণিকভাবে এই সুবিধা অধিদপ্তর বাতিল করিতে পারিবে;

(ঘ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের কোনো কর্মকর্তাকে অধিদপ্তর থেকে প্রশিক্ষণের জন্য মনোনীত করা হইলে উক্ত কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুদান প্রাপ্তিতে অযোগ্য হইবে;

(ঙ) এই অনুদানের অর্থ থেকে সরকার কর্তৃক নির্ধারিত বেতন কাঠামোতে খন্ডকালীন সাইকিয়াট্রিস্ট, সাইকোলজিস্ট, চিকিৎসক, নার্স, কাউন্সিলর এবং কেন্দ্রের অন্যান্য কর্মচারীদের বেতন/ভাতা/সম্মানি বাবদ ব্যয় করা যাইবে। তবে কার্যালয় নির্মাণ, মেরামত, আসবাবপত্র ক্রয়ের জন্য অনুদানের অর্থ ব্যবহার করা যাইবে না;

(চ) নিয়োগ-সংক্রান্ত কোনো তথ্য মিথ্যা/জালিয়াতি/ভুল প্রমাণিত হইলে অধিদপ্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুদান বাতিল করিবে এবং পরবর্তী ৩ বছরের জন্য উক্ত প্রতিষ্ঠান আবেদনের অযোগ্য হইবে;

(ছ) পরপর দুই বছর একই প্রতিষ্ঠান অনুদান প্রাপ্তির যোগ্য হইবে না।

৮। কেন্দ্রীয় যাচাই বাছাই কমিটি: বিভিন্ন প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট নিম্নবর্ণিত কমিটি থাকিবে। এই কমিটি যাচাই-বাছাই অন্তে প্রয়োজনীয় সুপারিশ পেশ করিবে।

| | |
|---|---|
| (ক) অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সভাপতি |
| (খ) সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার) | সদস্য |
| (গ) পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সদস্য |
| (ঘ) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| (ঙ) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা | সদস্য |
| (চ) সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের একজন চিকিৎসক (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (ছ) সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সদস্য-সচিব |

৮.১ কমিটির কার্যপরিধি:

ক) মাদকপ্রবণ এলাকা বিবেচনায় নিয়ে সুপারিশকৃত আবেদনপত্রসমূহ এই নীতিমালার আওতায় যাচাই-বাছাই করা;
খ) যোগ্য ও অযোগ্য আবেদনের তালিকা প্রস্তুতপূর্বক নীতিমালা অনুযায়ী মহাপরিচালকের নিকট সুপারিশ পেশ করা;
গ) কমিটি প্রয়োজনে যেকোনো বেসরকারি মাদকাসক্তি নিরাময়/পুনর্বাসন কেন্দ্র পরিদর্শন করিতে পারিবে;
ঘ) কমিটি প্রয়োজনে যেকোনো এক বা একাধিক সদস্যকে কমিটিতে কো-অপ্ট করিতে পারিবে।

৯। জেলা/মেট্রোপলিটন যাচাই-বাছাই কমিটি: বিভিন্ন প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের জন্য প্রতিটি জেলা/ মেট্রোপলিটন কার্যালয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত প্রাথমিক যাচাই বাছাই কমিটি থাকিবে:

| | |
|---|---|
| (ক) জেলা/মেট্রোপলিটন কার্যালয়ের উপপরিচালক/সহকারী পরিচালক | সভাপতি |
| (খ) জেলা/মেট্রোপলিটন কার্যালয়ের প্রসিকিউটর বা সমপর্যায়ের কর্মকর্তা | সদস্য |
| (গ) জেলা/মেট্রোপলিটন কার্যালয়ের আওতাধীন সকল সার্কেলের পরিদর্শক বা সমপর্যায়ের কর্মকর্তাবৃন্দ | সদস্য-সচিব |

৯.১ কমিটির কার্যপরিধি:

বর্ণিত যাচাই-বাছাই কমিটি নীতিমালার আলোকে নম্বর পদ্ধতিতে মূল্যায়নপূর্বক করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম মনিটরিং কমিটি এর মতামতসহ প্রস্তাব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করিবেন।

১০। মহাপরিচালকের ক্ষমতা: মহাপরিচালক কমিটি কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশকৃত প্রস্তাব অনুমোদন বা সংশোধন করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

১১। আবেদনপত্র আহবান ও প্রক্রিয়াকরণ: বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহকে অনুদান প্রদানের জন্য নিম্নবর্ণিত পদ্ধতিতে আবেদনপত্র আহবান করিতে হইবে-

(ক) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের মধ্যে অনুদান বন্টনের নিমিত্তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করিয়া প্রতি বছর ৩১ মে এর মধ্যে কমপক্ষে ২টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে। আবেদনপত্র আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইটেও (www.dnc.gov.bd) প্রকাশ করিতে হইবে;

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইট (www.dnc.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করিয়া ০১ জুলাই হতে ৩১ জুলাই এর মধ্যে সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে জমা দিতে হইবে;

(গ) জেলা/মেট্রোপলিটন যাচাই-বাছাই কমিটি নীতিমালার আলোকে আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষান্তে তাদের সুপারিশ এবং জেলা প্রশাসক ও সভাপতি, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম মনিটরিং কমিটি এর মতামতসহ নির্ধারিত ছকে উক্ত বিবরণী সমেত ৩০ সেপ্টেম্বর এর মধ্যে বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে প্রেরণ করিতে হইবে;

(ঘ) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় হইতে সুপারিশসহ মতামত ৩১ অক্টোবরের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করিতে হইবে;

(ঙ) কেন্দ্রীয় যাচাই বাছাই কমিটিকে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত আবেদন যাচাই বাছাই করিয়া মহাপরিচালকের নিকট ১৫ ডিসেম্বরের এর মধ্যে সুপারিশ দাখিল করিতে হইবে;

(চ) মহাপরিচালক কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর ৩১ মার্চের মধ্যে অনুদান বিতরণের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

১২। অনুদানের অর্থ বন্টন পদ্ধতি: নিম্নবর্ণিত পদ্ধতিতে প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনুদানের অর্থ বন্টন করিতে হইবে-

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চূড়ান্তভাবে অনুমোদিত অনুদান বন্টন তালিকা অনুযায়ী প্রতিষ্ঠানসমূহের নামে পৃথক পৃথক একাউন্ট পেয়ী (Account Payee) চেক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় বরাবর প্রেরণ করিবে;

(খ) অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ চেক গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় এবং জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-খ) স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিবেন;

(গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে অনুদানের একাউন্ট পেয়ী (Account Payee) চেক প্রাপকের নিকট নির্দিষ্ট অর্থ বৎসরের ৩১ মার্চ এর মধ্যে বিতরণ সম্পন্ন করিতে হইবে।

১৩। রহিতকরণ ও হেফাজত-

(ক) এই নীতিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২২ রহিত হইবে।

(খ) অনুচ্ছেদ (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত নীতিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই নীতিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই নীতিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব এই নীতিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

১৪। সংশোধনের ক্ষমতা: সরকার বিভিন্ন সময়ে সার্কুলারের মাধ্যমে এই নীতিমালার পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(নাসিমুল গনি) ৪/৫/২৫

সিনিয়র সচিব

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

পরিশিষ্ট-ক
(নীতিমালার ৫ক অনুযায়ী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা

## বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র এর অনুদানের আবেদন ফরম

অর্থ বছর:..........................................................

১। বেসরকারি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের নাম: .....................................
২। ঠিকানা:.......................................................... গ্রাম/রাস্তা নং...................................
সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন............................... ওয়ার্ড নং...................................
ডাকঘর........................... উপজেলা............................. জেলা.................................
মোবাইল নং........................... ফ্যাক্স নং.......................... ই-মেইল নং...........................
৩। প্রতিষ্ঠার তারিখ:...........................................................
৪। প্রথম লাইসেন্স প্রাপ্তির নম্বর ও তারিখ:...........................................................
(লাইসেন্সের অনুলিপি সংযোজন করিতে হইবে)
৫। সর্বশেষ নবায়নের তারিখ:...........................................................
৬। কার্য এলাকা:...........................................................................
৭। বেড সংখ্যা:.. ...........................................................
৮। কর্মরত জনবলের বিবরণঃ সাইকিয়াট্রিস্ট, সাইকোলজিস্ট, চিকিৎসক, নার্স, কাউন্সিলর এবং কেন্দ্রের অন্যান্য কর্মচারীদের বিবরণ আলাদা ছকে (পদের নাম, সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিয়োগপত্র ইত্যাদি তথ্যসহ) আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।
৯। বিগত অর্থ বছরে প্রতিষ্ঠানের আয় ও ব্যয় এর বিস্তারিত হিসাব।
১০। মাদকবিরোধী প্রচারণা কার্যক্রমে (প্রমাণকসহ বিস্তারিত)।
১১। বর্তমান কার্যক্রমসমূহের নাম:
(ক)................................................................................ (ঘ)...............................................................
(খ)................................................ ........................... (ঙ)...............................................................
(গ)................................................................................ (চ)...............................................................
(কার্যক্রমের বিস্তারিত বিবরণ/বার্ষিক প্রতিবেদন সংযোজন করিতে হইবে)

১২। চাহিত অনুদানের পরিমাণ: টাকা...................................................
১৩। চাহিত অনুদান যে কার্যক্রমে ব্যয় করা হইবে:........................................
১৪। বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠান থেকে গত তিন বৎসরের অনুদানের বিবরণ: (প্রযোজ্য ক্ষেত্রে)
১৫। আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। আমরা আরও ঘোষণা করিতেছি যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত আর্থিক অনুদান খরচের ব্যাপারে অর্পিত যাবতীয় শর্তাবলী আমরা মানিয়া চলিতে বাধ্য থাকিব।

...........................
পরিচালক/স্বত্বাধিকারীর স্বাক্ষর (তারিখসহ)
নাম:.....................
(সীলমোহর)

১৬। অনুদান প্রাপ্তির জন্য সুপারিশকৃত/সুপারিশকৃত নহে।
স্বাক্ষর......................................
উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়
(সীলমোহর)

১৭। স্বাক্ষর
জেলা প্রশাসক ও সভাপতি, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম মনিটরিং কমিটি
জেলা:
বিঃদ্রঃ আবেদনপত্রের মূলকপি প্রধান কার্যালয়ে পাঠাইতে হবে। ফটোকপি অফিস কপি হিসেবে সংরক্ষণ করিতে হইবে।

পরিশিষ্ট-খ
(নীতিমালার ৫জ অনুযায়ী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অনুদানের চুক্তিপত্র]

১। বেসরকারি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের নাম:.............................................................................
২। প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা:.......................................................................................................
৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স নম্বর ও তারিখঃ.........................................
৪। মঞ্জুরিকৃত অনুদানের পরিমাণ: (অংকে)................................ (কথায়)...............................
৫। অর্থ বছর:...................................................................................................................
৬। আমার প্রতিষ্ঠানের প্রতিনিধিবর্গ এই মর্মে স্বীকারোক্তি করিতেছি যে, উল্লিখিত অনুদান প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত কর্মসূচির জন্য ব্যবহৃত হইবেঃ-

(ক)

(খ)

(গ)

(ঘ)

৭। শর্তাবলী:

(ক) বেসরকারি নিরাময়/ পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠার কমপক্ষে ৩ বছরের মধ্যে বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ এর কোন বিধান লঙ্ঘন করিয়াছে এমন কোনো অভিযোগ প্রমাণিত হইলে এই সুবিধাপ্রাপ্ত হইবে না। উক্ত বিধিমালা লঙ্ঘন করিলে তাৎক্ষণিকভাবে এই সুবিধা অধিদপ্তর বাতিল করিতে পারিবে;

(খ) কোন নিয়োগ ভুয়া প্রমাণিত হইলে অধিদপ্তর অনুদান বাতিলসহ নিরাময় কেন্দ্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

(গ) প্রাপ্ত অনুদানের খরচের বিবরণী অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের উপপরিচালক/সহকারী পরিচালকের মাধ্যমে আর্থিক বছর শেষ হওয়ার একমাসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

পরিচালক/স্বত্বাধিকারীর স্বাক্ষর..............................

নাম:........................................................

তারিখ:.........................................................

স্বাক্ষর
উপপরিচালক/ সহকারী পরিচালক,
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়
(সীলমোহর)

প্রতিস্বাক্ষর
জেলা প্রশাসক ও সভাপতি, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের
কার্যক্রম মনিটরিং কমিটি

পরিশিষ্ট-গ
(নীতিমালার ৫ঙ অনুযায়ী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা

[অনুদানের জন্য প্রাথমিকভাবে সুপারিশ করিবার ক্ষেত্রে নম্বরভিত্তিক মূল্যায়ন পদ্ধতি]

জেলা/মেট্রোপলিটন কার্যালয় কর্তৃক বেসরকারী মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহকে অনুদানের জন্য প্রাথমিকভাবে সুপারিশ করিবার ক্ষেত্রে নিম্নবর্ণিত ছক মোতাবেক নম্বরভিত্তিক মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করিতে হইবে এবং সুপারিশের ক্ষেত্রে বিবেচ্য প্রতিষ্ঠানকে ন্যূনতম মোট প্রাপ্ত নম্বর ৭০ (সত্তর) পাইতে হইবে।

| ক্রম | বিষয়সমূহ | নম্বর |
|---|---|---|
| ১ | নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের শয্যা সংখ্যার বিপরীতে বাৎসরিক চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যার শতকরা হার=$(\frac{\text{রোগীর সংখ্যা}}{\text{শয্যা সংখ্যা}} \times ১০০)$ | ২০ |
| ২ | লাইসেন্সের শর্তানুযায়ী বিগত ৩ বছরে কেন্দ্রটির ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট স্টাফদের ইকো প্রশিক্ষণ সম্পন্নের হার | ২০ |
| ৩ | পর্যাপ্ত ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা রয়েছে কি-না | ১৫ |
| ৪ | কেন্দ্র কর্তৃক মাদকবিরোধী প্রচারণায় অংশগ্রহণ | ২০ |
| ৫ | সংশ্লিষ্ট কেন্দ্রের নথি ব্যবস্থাপনা | ১৫ |
| ৬ | কেন্দ্রটির পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ |

স্মারক নং-৫৮.০০.০০০০.০৬১.১৪.০০২.১৯-১২০ তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪৩২ / ০৪ জুন, ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

৮। কমিশনার ---------------------------------- বিভাগ (সকল)।

৯। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুন বাগিচা, ঢাকা।

১০। জেলা প্রশাসক ---------------------------------- (সকল)।

১১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

১২। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা। (নীতিমালাটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং ৫০ (পঞ্চাশ) কপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।

১৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

১৬। সিস্টেম এনালিস্ট, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (বর্ণিত নীতিমালাটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৭। অফিস কপি/মাষ্টার কপি।


০৪|০৬|২০২৫

(মোহাম্মদ আবু কাউছার)

উপসচিব

ফোনঃ ০২-২২৩৩৫৩২২৯

nc1@ssd.gov.bd